



সাবিত্রী চট্টোপাধ্যায়  
রবীন্দ্র মজুমদার  
অসিত বরণ  
ছবি বিশ্বাস  
অভিনীত

এস.এস. পিকচার্সের  
সিবেদন

# প্রিয়া


• প্রভা রিলিজ •

পরিচালনা.  
সালিল সেন  
সংগীত.  
রাজেন সরকার • কাহিনী.  
বিজয় গুপ্ত

৫২০১১

14-2-58





এস্ এস্ পিকচার্সের নিবেদন

# প্রিয়া

পরিচালনা : সলিল সেন

প্রযোজনা : বুলু লাভিয়া

কাহিনী : বিজয় গুপ্ত । সুর : রাজেন সরকার । গীত-রচনা : গৌরীপ্রসন্ন  
মজুমদার । আলোকচিত্র : অনিল বন্দ্যোপাধ্যায় ও শৈলজা চট্টোপাধ্যায় ।  
শব্দগ্রহণ : মণি বসু । সঙ্গীত ও শব্দযোজনা : অতুল চট্টোপাধ্যায় ।  
সম্পাদনা : সুবোধ রায় । শিল্প-নির্দেশ : সুনীল সরকার । নৃত্য-শিক্ষণ :  
জয়দেব চট্টোপাধ্যায় । রূপসজ্জা : মদন পাঠক । আবহ-সঙ্গীত : সুরশী  
কর্মসচিব : বিশ্বম্ভর চৌখানি


স্টুডিও সাপ্লাই কো-অপারেটিভ সোসাইটি লিঃ-এ চিত্রায়িত  
এবং ফিল্ম সাভিসেস ল্যাবরেটরীজে বিজয় রায়ের তত্ত্বাবধানে পরিষ্কৃতিত

## ● সহকারী ●


পরিচালনা : সুকুমার রায় চৌধুরী ও বিশু চট্টোপাধ্যায় । আলোকচিত্র :  
অমিয় সেনগুপ্ত ও মানস দাশগুপ্ত । শব্দযোজন : সুজিত সরকার ও বীরেন ।

সম্পাদনা : মিহির ঘোষ । রূপসজ্জা : কার্তিক ও গুনো ।

পরিবেশনা : প্রভা পিকচার্স







1958, January

● রূপায়ণে ●

অসিতবরণ

রবীন মজুমদার

ছবি বিশ্বাস

নীতিশ মুখার্জি

অনিল চ্যাটার্জি

অমর মল্লিক

অনুপকুমার

জহর রায়

সাবিত্রী চ্যাটার্জি

পদ্মা দেবী


সুমলা চ্যাটার্জি

জয়শ্রী সেন

লীলাবতী

তুলসী চক্র ● বৃপতি ● শ্যাম লাহা ও শ্রীমান অলক  
নেপথ্য কণ্ঠ-সঙ্গীত : প্রতিমা বন্দোপাধ্যায় ও আলপনা বন্দ্যোপাধ্যায়

॥ গানগুলি এইচ, এম, ডি রেকর্ডে বাণীবন্ধ ॥





# কি হি

পাওনাদারের পীড়ন থেকে প্রেমাস্পদকে  
বাঁচাবার জন্ত প্রিয়তমর সান্নিধ্য ছেড়ে যদি কোন  
প্রিয়াকে পারিশ্রমিকের বিনিময়ে স্ত্রী সেজে অপর  
কোন পুরুষকে ভালবাসতে হয় ! আর ভালবাসতে  
গিয়ে সে যদি ভুল করে বসে—নিজেকে হারিয়ে  
ফেলে ? কাঞ্চন ফেলে কাঁচ বাঁধে আঁচলে ?

এমনি সমস্তা এসেছিল মানসীর জীবনে।  
মানসী ভালোবেসেছিল শিল্পী অরুণকে। আর  
ভালোবাসার ভান করেছিল ধনী সমীরের সঙ্গে,—  
পারিশ্রমিকের বিনিময়ে তার স্ত্রী-সেজে।

এই স্ত্রী-সেজে অভিনয় করার এতো  
বিপদ, এতো শঙ্কা—তা কি সে জানত ? এই  
বিপদ তাকে কোথায় টেনে নিয়ে যাবে, কে জানে !

এই ভালোবাসা আর না-ভালোবাসার  
অন্তর্ধান প্রতিটি নাটকীয় মুহূর্তকে কেন্দ্র করে  
এমন ছুঁবার গতিতে এগিয়ে গেছে যে শেষ পরিণতি  
না-দেখা পর্যন্ত মানুষের মন কচি কিশলয়ের মত  
সন্দেহের হাওয়ায় ধরো ধরো করে কাঁপতে থাকে।





# সম্রাট

[ ১ ]

লাল অভূরের একটু নেশা  
একটু খুসী একটু হাসি  
সেই সাথে এই মাতাল রাতে  
দখিন হাওয়া বাজাক বাঁশি  
নয়নে থাক লাঙ্কুক নয়ন  
হাতে থাকুক অধীর হাত  
মন্দ কি গো এমনি করেই  
যাক কেটে এই মদির রাত—  
কানে কানে বল বল না হয়

দুটি কথা ভালবাসি  
সেই সাথে এই মাতাল রাতে  
দখিন হাওয়া বাজাক বাঁশি

দুটি কথা ভালবাসি  
তাইতো বলি এই দুটো দিন  
হেসে খেলেই কাটিয়ে দাও  
চৈত্র বেলা আসার আগেই  
এই কাণ্ডনেই ফুরিয়ে যাও—  
চাও কি তবে মিলনমালা  
অবহেলার হয় বাসী—

[ ২ ]

খেয়া বলে আমি যাই যাই,  
ওগো তীর আমি যাই  
এবার বিদায় চাই ।  
তীর বলে 'ওগো না, না  
যাবার সময় হয় নাই'  
খেয়া বলে 'ওগো তীর আমি  
চলিতেই শুধু জানি  
জোরারে যদি বা আসি  
ভাটা নেয় মোরে টানি'



# স্মৃতি


আমি ভরা পালে যাই চলে  
চিরকাল একই কূলে  
খেলেনা আমার ঠাই—  
এবার বিদায় চাই।

[ ৩ ]

ভোর হ'ল তোর প্রাণে—  
( আমায় ) পাখীরা কহিল গানে  
মনে মনে যেন তাই  
নতুনের গাড়া পাই  
আকাশের নীল কোন সে অরূপ  
স্বপনের মায়া আনে—  
আলো আর হাসি এল এ ভুবন ঘিরে  
অসীমে হারাই গীতার বাঁধন ছিড়ে  
এ জীবনে এল সুর  
কাছে এল যেন দূর  
কান পেতে শুনি কি কথা মমর  
কহিছে ফুলের কানে—  
আমায় পাখীরা কহিল গানে

[ ৪ ]

এই রাত জেগে থাক্—সুখ স্মৃতি হয়ে।  
মায়াবী চাঁদের ঐ মধু স্মৃতি লয়ে।  
তারায় তারায় দীপ লেবে গো আলি  
বাতাসে বকুল দেবে সুরতি তালি  
চঞ্চল মমরের মধু স্মৃতি লয়ে।  
মনে রবে চিরদিন এ ভাল লাগা  
মুখোমুখি দুজনের বাগর জাগা  
এই আলো এই খুশি এই সে হাসি  
নিশিদিন এ হৃদয়ে বাজাবে বাশি—  
এ জীবনে স্মরণীয়—  
মধুস্মৃতি হয়ে।





---

প্রভা পিকচার্স, ৫৬ নং বেলিঙ্ক স্ট্রীট হইতে প্রকাশিত ও  
অনুশীলন প্রেস, ৫২ নং ইন্ডিয়ান মিনার স্ট্রীট, কলিকাতা ১৩ হইতে মুদ্রিত।